



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



তারিখ: ২১ চৈত্র ১৪২৬  
০৫ এপ্রিল ২০২০

## বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল আঞ্চলিক কার্যালয়, জেলা শিক্ষা অফিস, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস, সরকারি ও বেসরকারি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধকালীন সময়ে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির পাঠদানের ধারাবাহিকতা রক্ষার জন্য 'সংসদ বাংলাদেশ টেলিভিশন'-এ নির্দিষ্ট একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী বিষয়ভিত্তিক পাঠদান কর্মসূচি চলমান। এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা আমাদেরকে উৎসাহিত করেছে।

ইতোমধ্যে দেশের কোনো কোনো জায়গায় 'সংসদ বাংলাদেশ টেলিভিশন' পরিষ্কার দেখা যাচ্ছে না মর্মে কর্তৃপক্ষ অবহিত হয়েছেন।

এমতাবস্থায় উল্লিখিত কর্মকর্তাগণ স্থানীয় কেবল অপারেটরদের সাথে যোগাযোগ করে এবং প্রয়োজন হলে স্থানীয় প্রশাসনের কর্মকর্তাগণের সাহায্য নিয়ে এবিষয়ে পদক্ষেপ নিবেন। এখানে উল্লেখ্য, যেহেতু সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রাথমিক পর্যায়ের শ্রেণি পাঠদান প্রচারিত হবে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় করেও সমস্যাটি সমাধান করা যেতে পারে। যদি কোনোভাবেই সমস্যাটির সমাধান না হয়, তবে তার কারণ ও সংশ্লিষ্ট এলাকার নাম উল্লেখ করে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
ফোন: ৯৫৫৩৫৪২

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে :

১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল, .....(সকল)
২. জেলা শিক্ষা অফিসার, .....(সকল)
৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা, .....(সকল)
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, .....(সকল)
৫. সংরক্ষণ নথি।